

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৮৯/২, কাকরাইল, ঢাকা
www.bmet.gov.bd

নম্বর: ৪৯.০১.০০০০.০০০.১৩.২৫৪.২৩.১৮০

তারিখ: ২৬ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
০৯ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

‘নোটিশ’

বিষয়: **RAIMS** সফটওয়্যারের মাধ্যমে রিক্রুটিং এজেন্ট এবং রিক্রুটিং এজেন্সির প্রতিনিধি নিয়োগের আবেদন দাখিল।

সকল রিক্রুটিং এজেন্ট ও তাদের প্রতিনিধিগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো’র কার্যক্রম পরিচালনায় স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে এবং যে কোন অনভিপ্রেত পরিস্থিতি প্রতিরোধে রিক্রুটিং এজেন্সির মালিক/প্রতিনিধিকে স্মার্ট আইডি কার্ড প্রদানের নিমিত্ত অনলাইন আবেদন প্রক্রিয়াকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বিএমইটি কর্তৃক নিয়ন্ত্রিত **Recruiting Agency Information management System (RAIMS)** সফটওয়্যারে রিক্রুটিং এজেন্সি এবং এজেন্সির মডিউলভুক্ত কর্মচারীদের মধ্য হতে একজনকে বিএমইটি’র কার্যক্রম সম্পাদনের জন্য প্রতিনিধি নিয়োগের আবেদন দাখিলের অপশন তৈরী করা হয়েছে। এছাড়া বিএমইটি কর্তৃক অনুমোদনের পর আইডি কার্ড প্রদানের নিমিত্ত অনলাইন পেমেন্ট সিস্টেম চালু করা হয়েছে। এ সিস্টেমে ভেভার এর নিকট হতে কার্ড সংগ্রহ করা যাবে।

বর্ণিতাবস্থায়, নিরবচ্ছিন্ন সেবার জন্য রিক্রুটিং এজেন্সিসমূহকে এজেন্ট আইডি কার্ড, প্রতিনিধি মনোনয়ন ও কার্ডের জন্য **RAIMS** সফটওয়্যারে ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহার করে কাগজাদিসহ আবেদন দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ১) প্রস্তাবিত প্রতিনিধিকে রিক্রুটিং এজেন্সির নিয়োগকৃত ও মডিউলভুক্ত কর্মচারী হতে হবে;
- ২) রিক্রুটিং এজেন্সির প্রতিনিধি নিয়োগের প্রতায়নপত্র;
- ৩) হালনাগাদ পুলিশ ক্লিয়ারেন্স;
- ৪) জাতীয় পরিচয়পত্র;
- ৫) মোবাইল নম্বর/ই-মেইল আইডি;
- ৬) প্রস্তাবিত প্রতিনিধির জীবন বৃত্তান্ত (সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ কপি ও স্ট্যাম্প সাইজের ০১ কপি ছবিসহ);
- ৭) প্রস্তাবিত প্রতিনিধি অন্য কোন রিক্রুটিং এজেন্সিতে কর্মরত নেই মর্মে অঙ্গীকারনামা।

০১/০৬/২০২৪ তারিখের পর হতে কোন অফলাইন বা ম্যানুয়াল প্রক্রিয়ায় আবেদন গ্রহণ করা হবেনা। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।

০৯-০৪-২০২৪
ছাদেক আহমদ
পরিচালক

বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় জ্ঞাতার্থে);
- ২। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে);
- ৩। সিস্টেম এনালিস্ট, আইটি শাখা, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (রিক্রুটিং এজেন্ট/প্রতিনিধি কার্ড প্রাপ্তির বিষয়ে রিক্রুটিং এজেন্সিকে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদানের অনুরোধসহ);
- ৪। সভাপতি/সম্পাদক, বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সিজ (বায়রা), (এ বিষয়টি বায়ারার সকল সদস্যগণকে অবহিত করার অনুরোধসহ);
- ৫। স্বাক্ষরকারী/ব্যবস্থাপনা পরিচালক/ব্যবস্থাপনা অংশীদার, মেসার্স-----;
- ৬। ইন্সট্রাক্টর, আইটি শাখা, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (এ পত্রটি নোটিশ আকারে বিএমইটি’র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

- ৭। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে);;
- ৮। অতিরিক্ত মহাপরিচালক (কর্মসংস্থান/প্রশিক্ষণ) এর ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে);
- ৯। পরিচালক (বহির্গমন) এর ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (পরিচালক মহোদয়ের সদয় জ্ঞাতার্থে) এবং
- ১০। অফিস কপি।

